

মহালছড়ি কলেজে পাহাড়ি ও বাঙালি ছাত্রদের সংঘর্ষ আহত ১০, কলেজে ভাংচুর

■ মহালছড়ি (খাগড়াছড়ি) সুবোধনাতা
খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় মহালছড়ি কলেজে পরিবার সন্দেশ
পাহাড়ি বাঙালি ছাত্রদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের ১০ জন আহত
হওয়ার খবর পাওয়া গেছে। আহতরা হুসেন, মল্লরুল, আলম, হুমায়ুন কবির, মো.
রনি, ফরিদুল ইসলাম, মো. মোহেল, মো. ভাসু, নিলটন চাকমা, বিনীত চাকমা,
প্রভুস বীশা এবং অজ্ঞাত অপর এক ব্যক্তি। আহতদের স্থানীয় স্বাস্থ্য ক্যাম্পে
প্রাথমিক চিকিৎসা দেয়া হয়।

প্রত্যেকদুই সূত্রে জানা যায়, সন্দেশ পাহাড়ি ছাত্র পরিষদের মহালছড়ি
কলেজে শ্রেণী কার্যক্রম বন্ধ করে মিটিং করতে চাইলে কিছু বাঙালি ছাত্র এতে বাধা
দিলে এ নিয়ে দু'পক্ষের ধর্না পটাকাটির এক পর্যায়ে উভয় পক্ষে সংঘর্ষ বাধে।
তখন পাহাড়ি ছাত্ররা মল্লরুল আপন নামের এক বাঙালি ছাত্রসহ কয়েকজনকে
বেধতক মারধর করেছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। এতে বাঙালি ছাত্ররা
উত্তেজিত হয়ে পড়ে। এক পর্যায়ে উত্তেজিত বাঙালি ছাত্ররা কলেজের জানালা-
দরজার দ্বার ও মহালছড়ি উপজেলা জনসংঘটি সমিতির (এসএন সারমা) অফিস
ভাংচুর করে। সেনাবাহিনী ও পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।
ঘটনার পর মহালছড়ি কলেজ অধিভুক্তিকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।